**গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা**

www.bb.org.bd

মে ১০, ২০১৫
তারিখ ঃ---------------
বৈশাখ ২৭, ১৪২২

জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ঃ ০৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance)স্কিম ।**

শিরোনামোক্ত বিষয়ে জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ঃ ০১ তারিখ মে ২০, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার লেটার নং ঃ ০১/২০১৪ এর ২ নং ধারার বিঃ দ্রঃ ১ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো ঃ

১। **জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তির (Energy Efficient Technology) ব্যবহারঃ**

সাময়িকভাবে অডিটিং কার্যক্রম আন্তর্জাতিকভাবে স্বীকৃত Association of Energy Engineers(AEE) কর্তৃক নিবন্ধিত এনার্জি অডিটর/অডিটিং ফার্ম অথবা সমমানের এনার্জি অডিটর/অডিটিং ফার্ম দ্বারা সম্পন্ন করতে হবে। সমমানের এনার্জি অডিটিং ফার্ম/এনার্জি অডিটরদের গ্রহণযোগ্যতা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব বিবেচনায় নির্ধারণ করবে এবং সম্পূর্ণ দেশীয় এনার্জি অডিটর/অডিটিং ফার্ম দ্বারা প্রস্তুতকৃত অডিট রিপোর্ট পাবলিক বিশ্ববিদ্যালয় এর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কর্তৃক প্রত্যায়িত হতে হবে তবে, Sustainable and Renewable Energy Development Authority Act, 2012 (SREDA Act-2012) এর ৬(৬) নং উপধারা অনুযায়ী এনার্জি ম্যানেজার, এনার্জি অডিটর নিয়োগ এবং স্বীকৃত এনার্জি অডিট প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে মান ও যোগ্যতা যাচাই সংক্রান্ত প্রণীতব্য প্রবিধান কার্যকরী হওয়ামাত্রই তা পরিপালনীয় হবে।

২। অন্যান্য সকল ক্ষেত্রে জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০২/২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ঃ ০১/২০১৪ এ বর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে। শরিয়াহ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্ত জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০৬/২০১৪ এ উক্ত প্রতিস্থাপন কার্যকরী মর্মে গণ্য হবে।

৩। বাংলাদেশ ব্যাংকের সাথে Participating Financial Institution (PFI) সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) বর্ণিত প্রতিস্থাপন সংযোজিত হয়েছে বলে গণ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩২০
ফ্যাক্স ঃ ৯৫৩০৩২৭
E-mail: manoj.biswas@bb.org.bd
gmgbcsrd@bb.org.bd